আজকের কাগজ

তারিখ 13 DEC 1992
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৩ ...

46

# লোহাগড়ায় ছাত্রদল নেতা খুন
# আজ হরতাল ও প্রতিবাদ সমাবেশ

গতকাল দুপুরে লোহাগড়া আদর্শ মহাবিদ্যালয় শাখা ছাত্রদলের সহ সাংগঠনিক সম্পাদক মুন্সী আতাউল হক মিলু মুজিববাদী ছাত্রলীগ কর্মীদের হাতে খুন হয়েছে। প্রত্যক্ষদর্শীরা জানিয়েছে, দুপুর ১টার দিকে কলেজ থেকে প্রায় ১শ' গজ দূরে মিলুর ওপর ছাত্রলীগ কর্মীরা হামলা চালায় এবং পিঠে ছুরিকাঘাত করে। আশংকাজনক অবস্থায় তাকে লোহাগড়া থানা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে ডাক্তার তাকে মৃত বলে ঘোষণা করেন। এরপর উত্তেজিত ছাত্রদল কর্মীরা লোহাগড়া থানা আওয়ামী লীগ নেতা রেজাউল হক, ফকির আবদুর রাজ্জাক ও হাফিজুর রহমানের বাড়ি হামলা, ভাঙচুর ও অগ্নিসংযোগ করে। পরে উচ্ছৃঙ্খল কর্মীরা লোহাগড়া ইউপি চেয়ারম্যান সহিদুর রহমান ও ছাত্রলীগ কর্মী সুজনকে বেদম মারধোর করে। লোহাগড়া থানা পুলিশ ঘটনাস্থলে উপস্থিত হয়ে পরিস্থিতি আয়ত্তে আনে। লোহাগড়া থানায় ৩১ জনের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে। কেউ গ্রেফতার হয়নি। লোহাগড়ায় উত্তেজনা বিরাজ করছে। পুলিশ উত্তেজনাপূর্ণ এলাকায় টহল দিচ্ছে। হত্যাকাণ্ডের প্রতিবাদে বিএনপি ও ছাত্রদল আজ লোহাগড়ায় পূর্ণ দিবস এবং নড়াইল ও কালিয়ায় অর্ধদিবস হরতাল আহ্বান করেছে। এছাড়া আজ দুপুর দু'টায় নড়াইল শহর চৌরাস্তায় এবং বিকেল তিনটায় লোহাগড়ায় প্রতিবাদ সমাবেশের আয়োজন করা হয়েছে। নড়াইল থেকে সৈয়দ নঈমুর রহমান ফিরোজ।